

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৩৯/২০১৮

তারিখঃ ২৮/০৫/২০১৮খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন এর বিএসএ.এ সার্কুলার নং ৭০/২০১৮, তারিখঃ ২৪-০৫-২০১৮সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন
অতীব জরুরী

বিএসএ.এ সার্কুলার নং ৭০/২০১৮,

তারিখঃ ২৪-০৫-২০১৮

সকল সদস্য এজেন্ট
বিএসএএ,
চট্টগ্রাম

বিষয়ঃ-২৪ ঘন্টা/৭দিন কার্যক্রম নিশ্চিতের ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ বাস্তবায়ন করা প্রসঙ্গে।

সূত্র :- কমিশনার অব কাস্টম হাউস, চট্টগ্রামের ১৮/০৪/২০১৮ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

প্রিয় সদস্যবৃন্দ,

উপর্যুক্ত বিষয়ে সকল সদস্য এজেন্টের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, ২৪ ঘন্টা/৭ দিন কার্যক্রম নিরবিচ্ছিন্ন রাখার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নির্দেশনা জারী করা হয়। এতদব্যাপারে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং কাস্টমস্ কর্তৃপক্ষ বিভিন্ন তারিখ সভা অনুষ্ঠানের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা নিশ্চিত করার ব্যাপারে গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে সকল সদস্য এজেন্টকে অবহিত করা হয়।

এ প্রসঙ্গে কমিশনার অব কাস্টমস্, চট্টগ্রামের সভাপতিত্বে ১৮-০৪-২০১৮ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (সংযুক্তি ক-ক/৩)। শিপিং লাইস/এজেন্ট কর্তৃক ২৪ ঘন্টা/৭দিন অফিস খোলা রাখা এবং ডিও ইস্যু করার ব্যাপারে উক্ত কার্যবিবরণীর আলোচ্য বিষয়ের ক্রমিক নং ০৮ এবং ১০ এ নির্দেশ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, সংযুক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক শনিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০.০০ টা থেকে ন্যূনতম রাত ১০.০০টা, শুক্রবার সকাল ১০.০০টা থেকে দুপুর ১২.০০টা ও ২.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত এবং সরকারী ছুটির দিনেও নির্ধারিত কর্মঘন্টা খোলা রাখা সহ ডিও (Delivery Order) ইস্যু নিশ্চিত করার জন্য সকল শিপিং এজেন্টকে অনুরোধ করা হলো।

এব্যাপারে সকল শিপিং এজেন্টের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোনো কোনো শিপিং এজেন্ট কর্তৃক সরকারী নির্দেশ মোতাবেক অফিস খোলা রাখা হয়না এবং বিকাল ৪.০০ টার পর ডেলিভারী অর্ডার ইস্যু করার ব্যাপারে অপারগতা প্রকাশ করা হয়েছে/ হচ্ছে মর্মে বিভিন্ন স্টেকহোল্ডারদের পক্ষ থেকে নিম্ন স্বাক্ষরকারীর নিকট অভিযোগ উত্থাপন করা হয়েছে।

এপ্রসঙ্গে সকল শিপিং এজেন্টদের জ্ঞাতার্থে পুনরায় জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ এবং এতদসঙ্গে সংযুক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত পুরোপুরিভাবে বাস্তবায়ন না করার কারণে কোনো শিপিং এজেন্টের বিরুদ্ধে কোনো ধরণের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হলে তার সম্পূর্ণ দায়দায়িত্ব সংশ্লিষ্ট শিপিং এজেন্টকে বহন করতে হবে।

ধন্যবাদান্তে

স্বাক্ষরিত/-

(আহসানুল হক চৌধুরী)

চেয়ারম্যান